**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**সীমান্ত-২ শাখা**
**www. mhapsd.gov.bd**

**বিষয় : জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির TOR সংশোধনের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরনী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ কে এম টিপু সুলতান<br>অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত অনুবিভাগ)<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ৩০ আগস্ট ২০২৩; বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | অতিরিক্ত সচিব মহোদয়ের অফিসকক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান। তিনি সভাকে অবহিত করেন যে, জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটি'র কর্মপরিধি (TOR) যুগোপযোগী করে সংশোধনের প্রস্তাব প্রণয়নের জন্য এটি ৩য় সভা, যেখানে একটি খসড়া (TOR) নিয়ে আলোচনা হবে। সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করা হয়। সভাপতি জানান যে, এ কমিটি সুপারিশ প্রণয়নের জন্য গঠিত। তবে পূর্ববর্তী সভায় এ সংক্রান্ত নীতিগত কিছু বিষয় সিদ্ধান্ত আকারে লিখিত হয়েছে যা সমীচীন হয়নি বিধায় বিগত ১৩.০৬.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনীতে নীতিগত বিষয়গুলোতে গৃহীত সিদ্ধান্তসমূহের স্থলে "সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়" মর্মে কার্যবিবরনীতে প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক কার্যবিবরনী দৃঢ়করণ করা হয়। অত:পর সভায় জানানো হয় যে, ইতঃপূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের Notification no. BA-II/60/84/61, Dated 15.1.85-এর মাধ্যমে জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটি গঠন এবং কমিটি'র কর্মপরিধি (TOR) নির্ধারণ করা হয়। কিন্তু বর্তমানে চোরাচালানের ক্ষেত্র, গতিবিথি এবং প্রকৃতি সময়ের পরিক্রমায় পরিবর্তিত হওয়ায় জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটি'র উক্ত কর্মপরিধি (TOR) পরিবর্তন এবং চোরাচালান প্রতিরোধ জন্য অন্য যে সকল কমিটি কার্যকর রয়েছে তার পুন:গঠন ও কর্মপরিধিও পর্যালোচনা করা হয়। সভায় উপস্থিত সদস্যগণ বর্তমান প্রেক্ষাপটে চোরাচালানের পরিবর্তিত রূপ এবং তা প্রতিরোধের ওপর গুরুত্ব আরোপ করে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা :

চোরাচালান প্রতিরোধ কার্যক্রম সামগ্রিকভাবে সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রমকে গতিশীল ও উন্নত করে। কালের পরিক্রমায় চোরাচালান এর ক্ষেত্র, গতি প্রকৃতি পরিবর্তিত হয়েছে। যদিও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৯৮৫ সালের নির্দেশনা অনুসারে জেলা পর্যায়ে চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির কর্মপরিধি (TOR) বিদ্যমান রয়েছে। উক্ত (TOR) বাস্তবায়নের নিরীক্ষে সামগ্রিক কর্যালোচনা উপর সভায় নিম্নরুপ কর্মপরিধি (TOR) প্রণয়নের সুপারিশ করা হয় :

০১. সংশ্লিষ্ট জেলার চোরাচালান-এর ধরণ, প্রকৃতি ও গতিধারা বিশ্লেষণ করে নির্ধারিত ছক প্রনয়ণ;
০২. চোরাচালান প্রতিরোধে সমন্বয়, কর্মকৌশল ও ব্যবস্থা গ্রহণ;
০৩. সংশ্লিষ্ট জেলার পর্যায়ক্রমে চোরাচালান প্রতিরোধ, সমন্বয়ের ব্যবস্থা গ্রহণের জন্য অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার;
০৪. সীমান্ত জেলাসমূহ অভিযান/দায়িত্ব পালন ক্ষেত্রে ০৮ কিলোমিটার বাইরে সংশ্লিষ্টগণের নিবিড় যোগাযোগ স্থাপন;
০৫. সংশ্লিষ্ট জেলায় বাংলাদেশ পুলিশ/নৌবাহিনী/বিজিবি/কোস্টগার্ড/রেলওয়ে/আনসার/কাস্টমস্/মাদকদ্রব্য/নারকোটিস/ এপিবিএন/র‍্যাব/বিভিন্ন গোয়েন্দা/আন্তর্জাতিক ও অভ্যন্তরীন বিমান বন্দর এর নির্বাহী পরিচালক/পরিচালক/এয়ারপোর্ট ম্যানেজারসহ সংশ্লিষ্টদের অন্তর্ভূক্তকরণ;
০৬. চোরাচালানে আটক বা জব্দকৃত মালামাল, দ্রব্যাদি বা বিষয়সমূহ সুনির্দিষ্টভাবে সিজার লিষ্টকরণ মামলা রুজুকরণ,তদন্ত তরান্বিত করণ,পর্যালোচনা, অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকানুযায়ী সংরক্ষণ ও প্রেরণ;
০৭. জব্দকৃত মালমাল ও অন্যান্য বিষয়সমূহ এর উপযুক্ত বা প্রমিত মূল্য নির্ধারণ;

০৮. খাদ্য ও ব্যবহার যোগ্য মালামালের পরীক্ষাপূর্বক উপযুক্ত মূল্য প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ ইত্যাদি; এবং
০৯. প্রস্তাবিত কর্মপরিধি নিয়ে কমিটির সদস্যগণ লিখিত মতামত প্রদান, সংশ্লিষ্টগণ ছক প্রণয়ন ও ৬৪ টি জেলায় কমিটি গঠন বিষয়ে আলোচনাপূর্বক মতামত প্রদান করেন।
১০. গত ১৩.০৬.২০২৩ তারিখের সভার কার্যবিবরনীর সিদ্ধান্তসমূহ সুপারিশ আকারে লিখিত হওয়া সমীচীন এবং প্রয়োজনীয় সংশোধনী আনয়নের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

**বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহীত হয় :-**

০১. খসড়া কর্মপরিধির উপর কমিটির সদস্যগণ লিখিত মতামত প্রদান করবেন;
০২. সভায় আলোচনা মোতাবেক সংশ্লিষ্টগণ ছক প্রণয়নপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন;
০৩. বাস্তবতার নিরীখে ৬৪ টি জেলায় কমিটি গঠন; এবং
০৪. কমিটির পরবর্তী সভা ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ (সম্ভাব্য) আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।**

০৩/০৯/২০২৩

এ কে এম টিপু সুলতান
অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত অনুবিভাগ)
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

নং- ৪৪.০০.০০০০.১১৭.০৬.০০১.২০২৩-৩৭

তারিখ : ১৯ ভাদ্র ১৪৩০ / ০৩ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
০২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
০৩. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ অধিদপ্তর, (অতিরিক্ত ডিআইজি পদমর্যাদার একজন কর্মকর্তা প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
০৪. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
০৫. সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
০৬. সচিব, রেলপথ মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
০৭. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (পরিচালক পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো));
০৮. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (পরিচালক পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
০৯. মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড (পরিচালক পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
১০. মহাপরিচালক, র‍্যাব (পরিচালক পদমর্যাদার প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
১১. অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
১২. যুগ্মসচিব, পুলিশ-১ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
১৩. যুগ্মসচিব, সীমান্ত অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
১৪. যুগ্মসচিব, রাজনৈতিক-১ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
১৫. উপসচিব, সীমান্ত-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
১৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৭. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা;
১৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো);
১৯. অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত অনুবিভাগ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৩/০৯/২০২৩

(শেখ ছালেহ্‌ আহাম্মদ)
উপসচিব